



বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

কোটালীপাড়া, গোপালগঞ্জ ৮১১০

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com



উদ্যোগ/ধারণার শিরোনাম-(০১): একাডেমির গ্রান্ডফ্লোরে অফিস কক্ষের পরিচিতি নম্বর সম্বলিত দিক নির্দেশনা বোর্ড স্থাপনঃ

ভূমিকাঃ

জনগণের দোরগোড়ায় সেবাসমূহ পৌছে দিতে বিভিন্ন দপ্তরে নাগরিক সেবা প্রদানের বিদ্যমান পদ্ধতি সহজ ও দ্রুততর করা অত্যাবশ্যিক। সহজ ও জনবান্ধব সেবা পদ্ধতি চালু করতে হলে বিদ্যমান পদ্ধতির বিভিন্ন ধাপের অনুপুঙ্খ বিশ্লেষণের বিকল্প নেই। স্বল্প সময়ে কাজিত সেবাটি জনগণের নিকট পৌছে দেয়ার প্রচেষ্টা সফল হয় ইনোভেশন আইডিয়ার স্বচ্ছ ও টেকসই পরিকল্পনার সঠিক বাস্তবায়নের মধ্য দিয়ে। একটি আইডিয়া প্রতিবন্ধকতাকে অতিক্রম করে সেবার নব দ্বার উন্মোচন করে। নতুন আইডিয়ার সফল বাস্তবায়নের মাধ্যমে প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রমে আমূল পরিবর্তন সাধিত হয়। সেবা গ্রহণের জন্য প্রতিষ্ঠানের সকল কক্ষ সম্পর্কে ধারণা থাকা একজন সেবা গ্রহীতার বিশেষ পারদর্শিতা। প্রতিষ্ঠানের সকল কক্ষের পরিচিতি বা কক্ষ সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারলে একজন সেবা গ্রহীতা দ্রুত সময়ে কক্ষে গিয়ে তার কাজিত সেবাটি স্বল্প সময়ে গ্রহন করতে পারেন। সেবা গ্রহনে সেবা প্রদানের স্থান চিহ্নিতকরণ প্রক্রিয়া সেবা সহজীকরণের অন্যতম একটি বিশেষ ধাপ।

উদ্দেশ্যাবলিঃ

- ◇ সেবা গ্রহীতাদের সেবা প্রদান প্রক্রিয়াটি সহজতর করা;
- ◇ প্রশিক্ষণার্থী/দর্শণার্থীদের নিকট নির্দিষ্ট কক্ষ পরিচিতি তুলে ধরা;
- ◇ প্রশিক্ষণার্থী/দর্শণার্থীদের নির্দিষ্ট কক্ষে যেতে প্রতিবন্ধকতা দূর করা;
- ◇ স্বল্প সময়ে সেবা গ্রহণের নির্দিষ্ট স্থানে/কক্ষে যেতে সহায়তা করা;
- ◇ দ্রুততর সময়ে সেবা প্রদান প্রক্রিয়াটি সহজতর করা।

বিদ্যমান পদ্ধতির সমস্যার বিবরণঃ

১. প্রশিক্ষণার্থী/দর্শণার্থীদের বাপার্ড এর একাডেমিক ভবনের কক্ষের অবস্থান ও কার্যক্রম সম্পর্কে অবগত না থাকা;
২. কোন সেবাটি কোন কক্ষে গেলে পাওয়া যাবে তাহা না জানা;
৩. যোগাযোগ করতে অসুবিধা।

বিদ্যমান পদ্ধতির সমস্যার মূল কারণঃ

১. সাধারণ জনগণের তথ্য প্রাপ্তির স্থান/কক্ষ সম্পর্কে জ্ঞান না থাকা।
২. এলেমেলোভাবে তথ্য প্রাপ্তির স্থান/কক্ষ অনুসন্ধান;
৩. সরাসরি যোগাযোগ করতে সময়ক্ষেপন।

প্রচলিত সেবা পাওয়ার পদ্ধতি	অফিস কক্ষের পরিচিতি নম্বর সম্বলিত দিক নির্দেশনা বোর্ড স্থাপনের মাধ্যমে সেবার পদ্ধতি
প্রশিক্ষণার্থী/দর্শনাধীগণ তথ্য প্রাপ্তির নিমিত্তে এলেমেলোভাবে তথ্য প্রাপ্তির স্থান/কক্ষ অনুসন্ধান করেন যার ফলে তাদের সময়ক্ষেপন হয়।	অফিস কক্ষের পরিচিতি নম্বর সম্বলিত দিক নির্দেশনা বোর্ডের মাধ্যমে প্রশিক্ষণার্থী/দর্শনাধীগণ স্বল্প সময়ে তাদের কাঙ্ক্ষিত সেবা পাওয়ার স্থান সনাক্ত এবং সেবা গ্রহন করতে পারেবেন।

বিদ্যমান সমস্যা	সমস্যার মূল কারণ	উদ্যোগের মধ্যে নতুনত্ব
সহজ পন্থায় তথ্য প্রাপ্তির স্থান সনাক্ত করতে না পারা	স্থান সনাক্তে জটিলতা	তথ্য লাভের ক্ষেত্রে নির্দিষ্ট স্থান থেকে স্বল্প সময়ে সকল স্থানের পরিচিতি লাভ করা।
সেবা পেতে বিলম্বিতা	গতানুগতিক পদ্ধতিতে সঠিক স্থান অনুসন্ধান	সেবা গ্রহীতাদের ভোগান্তি কমবে এবং সেবা প্রদান প্রক্রিয়া সহজতর হবে।

প্রত্যাশিত ফলাফলঃ

সেবা গ্রহীতাগণ স্বল্প সময়ে সকল স্থানের পরিচিতি একনজরে একই স্থান থেকে লাভ করতে পারবেন।


উদ্ভাবনী আইডিয়া থেকে TCV (টিসিভি) সংক্রান্ত ফলাফলঃ

ক্রঃ নং	বিষয়	সময়	ব্যয়	যাতায়াত
০১.	আইডিয়া বাস্তবায়নের পূর্বে	০২ ঘন্টা	১০০ টাকা	৫ বার
০২.	আইডিয়া বাস্তবায়নের পরে	০১ মিনিট	০০ টাকা	০১ বার
০৩.	আইডিয়া বাস্তবায়নের ফলে পার্থক্য	০১ ঘন্টা ৫৯ মিনিট	১০০ টাকা	০৪ বার
০৪.	সুফল	সময় বাঁচবে	খরচ কমবে	ভ্রমণ কমবে

সম্ভাব্য বাজেট প্রাক্কলনঃ

ক্রঃ নং	কার্যক্রম	সম্ভাব্য মোট মূল্য
০১	দিক নির্দেশনা বোর্ড প্রস্তুত বাবদ	
০২	যাতায়াত ও অন্যান্য	৪৫,০০০/-
	মোট=	৫,০০০/-
		৫০,০০০/-

আইডিয়ার প্রস্তাব পেশকারী



মাহামুদুল হাসান
লাইব্রেরিয়ান
বাপার্ড।

মাহামুদুল হাসান
লাইব্রেরিয়ান
বসবন্ধু দাখিরা বিশোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
কোটাশীপাড়া, গোপালগঞ্জ-৮১১০